

আমার ভাই আর ফিরবে কি মাহমুদুল হক ফয়েজ

উদার আকাশ ছড়িয়ে রেখেছে হলুদ নক্ষত্র তার
আমার মায়ের সবুজ আঁচল উড়ে
শরীরে তার রক্তের লাল ছাপ আঁকা ।

একদিন এক কাক ডাকা ভোরে
আমার যে ভাই চলে গেছে হলুদ নক্ষত্রের দেশে
কৃষ্ণচূড়ার শরীরে আবার মুখ রাখে তারা
কেকিলেরা ডেকে উঠে বুঝি মিছিলের সুরে ।

বসন্ত মানে হৃদয়ের মিনারে ফুল জন্মে থাকা
সেই দিন এসে গেছে, কোন মিনারে রাখবো কি ফুল
আয় আয় বাছা বলে উদ্বাহু ছড়িয়ে রেখেছে মা
হলুদ নক্ষত্র থেকে আমার ভাই আর ফিরবে কি !!